দৈনিক
জনকণ্ঠ

তারিখ ..09 APR 2015...
পৃষ্ঠা ...১৩... কলাম....৭.......

শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র

## স্কুল-কলেজসহ সব শিক্ষা প্রতিষ্ঠানে সাঁতার শেখানোর নির্দেশ

স্টাফ রিপোর্টার ॥ পানিতে ডুবে মৃত্যুর হাত থেকে বাঁচাতে স্কুল-কলেজসহ দেশের সব শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের সাঁতার প্রশিক্ষণ ও অনুশীলনের ব্যবস্থা নেয়ার নির্দেশ দিয়েছে সরকার। বুধবার এ সংক্রান্ত পরিপত্র জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়। পরিপত্রে শিক্ষার্থীদের সাঁতার অনুশীলনের জন্য জলাশয়গুলোকে অবিলম্বে স্বাস্থ্যসম্মত ও সাঁতার উপযোগী করার নির্দেশ দেয়া হয়েছে।

ইউনিসেফের এক জরিপ তুলে ধরে পরিপত্রে বলা হয়েছে, বাংলাদেশে পাঁচ থেকে ১৭ বছরের ছেলে-মেয়েদের মধ্যে প্রতি ২৪ ঘণ্টায় ৪৮ জন এবং বছরে ১৮ হাজারের বেশি শিশু সাঁতার না জানার কারণে ডুবে মারা যায়। তাই সরকার এখন থেকে দেশের সকল উচ্চ মাধ্যমিক, মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, সমমানের মাদ্রাসা, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত শিক্ষা কার্যক্রমের অংশ হিসেবে সাঁতার প্রশিক্ষণ ও